# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
ঢাকা-১০০০, বাংলাদেশ

*পরিচালক*

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৮৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭৩৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd


নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৮/ডিআর-৮৫(৩০) তারিখ-৩১/০৩/২০১৮

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IICT, IAT, ARI, CES, DCE
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

*বিষয়ঃ* <u>২০১৮ সালের জন্য ইউজিসি কর্তৃক গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান প্রসঙ্গে।</u>

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) থেকে প্রাপ্ত একখানা পত্র ও তদসংযুক্তি আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল। এ বিষয়ে কমিশনের শর্তাবলীর আলোকে বিষয়ভিত্তিক গবেষণা প্রকল্প প্রস্তাব নির্ধারিত প্রোফর্মায় ৫ কপি (৪ কপি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণের জন্য এবং ১ কপি রেজিস্ট্রার অফিসের রেকর্ডের জন্য) আগামী ২৫শে এপ্রিল, ২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, প্রকল্প প্রস্তাবনার Soft copy UGC'র আবেদন ফরমে উল্লেখিত বিষয়ভিত্তিক সরাসরি Email-এ প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এতদসংক্রান্ত প্রাপ্ত প্রস্তাবসমূহ একত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আগামী ০৫ই মে, ২০১৮ইং তারিখে পরিচালক, রিসার্চ সাপোর্ট এ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পাঠানোর অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

গবেষণা প্রকল্প প্রস্তাব সম্পর্কিত যাবতীয় তথ্য **<u>website: www.ugc.gov.bd.</u>** থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

*(অধ্যাপক ড. শেখ রিয়াজ আহমেদ)*
পরিচালক, ডিএইআরএস

নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৮/ডিআর-৮৫(৩০)/2 তারিখ-৩১/০৩/২০১৮

১। এপিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

hp/Erive-E/CASR Let/All Head (Bangla/page-221)/2018

Email circulation

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন


স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/ গ প্র আ/২০১৮/ 2260 তারিখ : ২৮-০৩-২০১৮ইং

রেজিস্ট্রার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

**বিষয় ঃ ২০১৮ সালের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে ।**

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে প্রতিবছরের ন্যায় ২০১৮ সালের জন্য গবেষণা প্রকল্প আহ্বান করেছে। এতদ্‌সঙ্গে সংযুক্ত ২০১৮ সালের জন্য প্রকল্প আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদ/বিভাগ/ইন্সটিটিউটে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো। যে সকল বিশ্ববিদ্যালয়ে গবেষণা সেল রয়েছে, সেক্ষেত্রে পরিচালক, গবেষণা সেলকেও অবগত করার জন্য অনুরোধ জানানো হলো।

২। কমিশনের নিয়মাবলি সংবলিত নোটিশ, সাধারণ তথ্যাবলি, শর্তাবলি এবং প্রোফর্মা ইউজিসি'র ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তি : বর্ণনামতে,

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২৪/০৩/২০১৮

মোঃ আব্দুল ওহাব
উপপরিচালক, বিজ্ঞান ও প্রযুক্তি
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন
ফোন ঃ ৯১১৫১৯৭

স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/ গ প্র আ/২০১৮/ তারিখ : -০৩-২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো-

১। ডিন, প্রকৌশল অনুষদ/ পুরকৌশল অনুষদ/যন্ত্রকৌশল অনুষদ/ স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ/তড়িৎ ও ইলেকট্রনিক্স অনুষদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২। পরিচালক, রিসার্চ সেল /ইন্সটিটিউট অব ওয়াটার এন্ড ফুড মেনেজমেন্ট/ইন্সটিটিউট অব এ্যাপ্রোপিয়েট টেকনোলজি/ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/অ্যাকসিডেন্ট রিসার্চ ইন্সটিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(১ ও ২ এর জন্য:) সংযুক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।

৪। সদস্য মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।

৫। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।

৬। নথি।

৭। মহানথি।

২৪/০৩/২০১৮

মোঃ আব্দুল ওহাব
উপপরিচালক, বিজ্ঞান ও প্রযুক্তি
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন
ফোন ঃ ৯১১৫১৯৭

পরিচালক, DAERS

27 MAR 2018

E:\Backup 01-07-2017\Project Invitation-2018\Letter of Project invitation-2018.doc

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/গপ্রআ/২০১৬(ছায়ানথি-১)/ তারিখ ঃ -২০১৮ইং

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০১৮ সালের জন্য মৌলিক গবেষণাকর্মে সহায়তা দানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে গবেষণা প্রকল্প আহ্বান করা যাচ্ছে।

প্রকল্প প্রস্তাবনা কমিশনের নির্ধারিত ফরমে এবং নিয়মানুযায়ী হতে হবে। অসম্পূর্ণ প্রস্তাব বিবেচিত হবে না। ০১(এক) বছর মেয়াদি প্রকল্পের জন্য প্রকল্প পরিচালকের সম্মানী (১ মাসের মূল বেতনের সমপরিমাণ কিন্তু ৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) ও ০১ জন গবেষণা সহকারী/ল্যাব এ্যাটেনডেন্ট/শ্রমিকের (প্রয়োজনে) মাসিক ভাতাসহ প্রস্তাবিত বাজেট কলা/সামাজিক বিজ্ঞান/ব্যবসা প্রশাসন শাখার জন্য ২,৩০,০০০/-(দুই লক্ষ ত্রিশ হাজর) টাকা এবং জীব/ভৌত/রসায়ন /চিকিৎসা/প্রকৌশল/কৃষি (ক্রপ/লাইফ) শাখার জন্য ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গবেষণা প্রকল্পের আবেদনপত্র, তথ্যাবলি ও অন্যান্য কাগজপত্র ইউজিসি ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

গবেষণা প্রকল্প প্রস্তাবের ৪(চার) কপি বিভাগীয় প্রধান/অনুষদের ডিন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ১০-০৫-২০১৮ইং তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং সফ্ট কপি কলা ও মানবিক এবং সামাজিক বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ এর ক্ষেত্রে harunugc@gmail.com, জীববিজ্ঞান, ভৌতবিজ্ঞান এবং রাসায়নিক বিজ্ঞান এর ক্ষেত্রে shafiqul1963islam@gmail.com, প্রকৌশল ও প্রযুক্তি, কৃষিবিজ্ঞান- i. ক্রপ সায়েন্স (কৃষি, কৃষি অর্থনীতি ও কৃষি প্রকৌশল) ii. কৃষি লাইফ সায়েন্স (ভেটেরিনারি, পশুপালন ও ফিসারিজ) এবং চিকিৎসাবিজ্ঞান এর ক্ষেত্রে jamalugc67@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, সফ্ট কপি ব্যতিরেকে গবেষণা প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না।

বিঃ দ্রঃ

(ক) সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক এবং উচ্চতর পদের নিয়োজিত শিক্ষকগণ একক অথবা যৌথভাবে আবেদন করতে পারবেন। এছাড়াও পিএইচডি ডিগ্রিধারী প্রভাষকগণও আবেদন করতে পারবেন।

(খ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে প্রকল্প চলমান থাকা অবস্থায় নতুন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না।

(গ) প্রকল্পের বাজেট নির্ধারণের জন্য প্রকল্প পরিচালকের pay-slip প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে এবং প্রকল্প প্রস্তাবনা জমা দেয়ার সময় প্রাপ্য বেতনের ভিত্তিতে প্রকল্প পরিচালকের সম্মানী ভাতা নির্ধারণ করা হবে।

মোঃ আব্দুল ওহাব
উপপরিচালক (বিজ্ঞান ও প্রযুক্তি)
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন
ফোন ঃ ৯১১৫১৯৭

E:\Backup 01-07-2017\Project Invitation-2018\Project invitation-2018.doc